যুদ্ধবিরতির পর স্বস্তি নিয়ে বাড়ি ফিরছেন বাস্তুচ্যুত বাসিন্দারা

written by Chandradip News24 | November 27, 2024

ইসরায়েল-হিজবুল্লাহর মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর, দক্ষিণ লেবাননের বাসিন্দারা তাদের বাড়ি ফিরতে শুরু করেছেন। যদিও যুদ্ধবিরতি লড়াইয়ের স্থায়ী সমাধান হবে কি না, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করা হলেও, দেশটির বাসিন্দাদের মধ্যে স্বস্তি দেখা গেছে।

কাতারভিত্তিক গণমাধ্যম আল জাজিরা জানায়, স্থানীয় সময় বুধবার (২৭ নভেম্বর) ভোর ৪টা থেকে শুরু হওয়া যুদ্ধবিরতির পর, কয়েক ঘণ্টার মধ্যেই দক্ষিণ লেবাননের বাসিন্দারা আনন্দের সঙ্গে তাদের বাড়ি ফিরে যেতে শুরু করেন। এতে রাজধানী বৈরুতের সঙ্গে দক্ষিণাঞ্চলের সংযোগকারী মহাসড়কে তীব্র যানজট সৃষ্টি হয়। বাসিন্দারা তাদের জিনিসপত্র নিয়ে গাড়ির ওপরে করে ফিরছিলেন, ফলে সিডনের উত্তর দিকের প্রবেশপথে যান চলাচল বন্ধ হয়ে যায়। কিছু বাসিন্দা মোটরসাইকেলে করে উপকূলীয় শহর টায়ারে ফিরতে শুরু করেন।

যুদ্ধবিরতি কার্যকর করার দায়িত্বে থাকা লেবাননের সেনাবাহিনী এক বিবৃতিতে জানিয়েছে, দেশের দক্ষিণাঞ্চলে সেনা মোতায়েনের

প্রস্তুতি নেওয়া হচ্ছে। তবে, ইসরায়েলি সেনা প্রত্যাহার না হওয়া পর্যন্ত সীমান্তবর্তী গ্রামগুলোর বাসিন্দাদের তাদের এলাকায় ফিরে না যাওয়ার অনুরোধ জানিয়েছে তারা।

এদিকে, স্থানীয় কর্তৃপক্ষ জানায়, মঙ্গলবার (২৬ নভেম্বর) লেবাননে ইসরায়েলি হামলায় অন্তত ৪২ জন নিহত হয়েছেন। পাল্টা আক্রমণে, হিজবুল্লাহ ইসরায়েলে রকেট নিক্ষেপ করেছে।

গত অক্টোবরে গাজায় যুদ্ধ শুরুর পর থেকে, লেবাননে ইসরায়েলি হামলায় অন্তত ৩,৮২৩ জন নিহত এবং ১৫,৮৫৯ জন আহত হয়েছেন।

মো: তুহিন হোসেন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম

যুদ্ধবিরতির পর স্বস্তি নিয়ে বাড়ি ফিরছেন বাস্তুচ্যুত বাসিন্দারা

written by Chandradip News24 | November 27, 2024

Donee

ইসরায়েল-হিজবুল্লাহর মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর, দক্ষিণ লেবাননের বাসিন্দারা তাদের বাড়ি ফিরতে শুরু করেছেন। যদিও যুদ্ধবিরতি লড়াইয়ের স্থায়ী সমাধান হবে কি না, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করা হলেও, দেশটির বাসিন্দাদের মধ্যে স্বস্তি দেখা গেছে।

কাতারভিত্তিক গণমাধ্যম আল জাজিরা জানায়, স্থানীয় সময় বুধবার (২৭ নভেম্বর) ভোর ৪টা থেকে শুরু হওয়া যুদ্ধবিরতির পর, কয়েক ঘণ্টার মধ্যেই দক্ষিণ লেবাননের বাসিন্দারা আনন্দের সঙ্গে তাদের বাড়ি ফিরে যেতে শুরু করেন। এতে রাজধানী বৈরুতের সঙ্গে দক্ষিণাঞ্চলের সংযোগকারী মহাসড়কে তীব্র যানজট সৃষ্টি হয়। বাসিন্দারা তাদের জিনিসপত্র নিয়ে গাড়ির ওপরে করে ফিরছিলেন, ফলে সিডনের উত্তর দিকের প্রবেশপথে যান চলাচল বন্ধ হয়ে যায়। কিছু বাসিন্দা মোটরসাইকেলে করে উপকূলীয় শহর টায়ারে ফিরতে শুরু করেন।

যুদ্ধবিরতি কার্যকর করার দায়িত্বে থাকা লেবাননের সেনাবাহিনী এক বিবৃতিতে জানিয়েছে, দেশের দক্ষিণাঞ্চলে সেনা মোতায়েনের প্রস্তুতি নেওয়া হচ্ছে। তবে, ইসরায়েলি সেনা প্রত্যাহার না হওয়া পর্যন্ত সীমান্তবর্তী গ্রামগুলোর বাসিন্দাদের তাদের এলাকায় ফিরে না যাওয়ার অনুরোধ জানিয়েছে তারা।

এদিকে, স্থানীয় কর্তৃপক্ষ জানায়, মঙ্গলবার (২৬ নভেম্বর) লেবাননে ইসরায়েলি হামলায় অন্তত ৪২ জন নিহত হয়েছেন। পাল্টা আক্রমণে, হিজবুল্লাহ ইসরায়েলে রকেট নিক্ষেপ করেছে।

গত অক্টোবরে গাজায় যুদ্ধ শুরুর পর থেকে, লেবাননে ইসরায়েলি হামলায় অন্তত ৩,৮২৩ জন নিহত এবং ১৫,৮৫৯ জন আহত হয়েছেন।

মো: তুহিন হোসেন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম